



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং- ঢাশিবো/বি/৬/আএন্ডআ/ ২০২০

তারিখ: ২০/১১/২০

বিষয় : তদন্ত প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।


সূত্র : (১) অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), উইলস লিটল ফ্লাওয়ার স্কুল এন্ড কলেজ-এর আপিল এন্ড আরবিট্রেশন কমিটিতে আবেদন।
(২) বোর্ডের ২০/১১/২০১৯ তারিখের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ঢাকা মহানগরীর রমনা থানাধীন উইলস লিটল ফ্লাওয়ার স্কুল এন্ড কলেজ-এর সহকারী শিক্ষক জনাব নাজমা হোসেন লাকী-এর বিরুদ্ধে অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) কর্তৃক (ক) জনাব নাজমা হোসেন লাকী-এর বিরুদ্ধে রমনা মডেল থানায় করা জিডি নং- ১৩৫৩, তারিখ- ২৬/০৬/২০১৯; (খ) কর্মস্থলে দায়িত্বে অবহেলা ও অদক্ষতা; (গ) প্রতিষ্ঠানের স্বার্থবিরোধী তথ্য পাচার; (ঘ) প্রতিষ্ঠানের শৃঙ্খলা বিরোধী কর্মকাণ্ড; (ঙ) পেশাগত ও ব্যক্তিগত অসদাচরণ; (চ) অধ্যক্ষের বৈধ আদেশ অমান্য করা; (ছ) শিক্ষক ও শিক্ষার্থীর মধ্যে শৃঙ্খলা এবং নৈতিক অবক্ষয় সৃষ্টি করা; (জ) শিক্ষকদের নিকট থেকে টাকা নিয়ে ফেরত না দেয়া; (ঝ) ফেজবুক আইডি'র মাধ্যমে প্রতিষ্ঠান, গভর্নিংবডি ও অধ্যক্ষের সুনাম হানির জন্য মিথ্যা তথ্য প্রচার করে প্রতিষ্ঠানের সুনামহানি ও ভাবমূর্তি ক্ষুণ্ণ করা; (ঞ) উক্ত শিক্ষকের সকল কর্মকাণ্ড সামগ্রিকভাবে প্রতিষ্ঠানের স্বার্থবিরোধী কাজ ইত্যাদি অভিযোগের কারণে ম্যানেজিং কমিটি চূড়ান্ত বরখাস্ত করেছে।

এমতাবস্থায়, বোর্ডের ২০/১১/২০১৯ তারিখের বোর্ডের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির সিদ্ধান্ত অনুযায়ী উক্ত বিষয়াবলী এবং প্রতিষ্ঠানের সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

২। ঢাকা শিক্ষা বোর্ডের প্রচলিত বিধি মোতাবেক পরিদর্শন কর্মকর্তাকে টিএ/ডিএ প্রদান করা হবে।


চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে


আহ্বায়ক

প্রাপক : জনাব মোহাম্মদ রবিউল আলম
উপ-কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।

আপীল এন্ড আরবিট্রেশন কমিটি
ও বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা

মেমো নং-


তারিখ: ২০/১১/২০

সদস্য অরগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), উইলস লিটল ফ্লাওয়ার স্কুল এন্ড কলেজ।
- ২। নাজমা হোসেন লাকী, সহকারী শিক্ষক (বরখাস্তকৃত), উইলস লিটল ফ্লাওয়ার স্কুল এন্ড কলেজ।
- ৩। অফিস কপি।

আহ্বায়ক
আপীল এন্ড আরবিট্রেশন কমিটি
ও বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা